AUG 13 1999
তারিখ ...
পৃষ্ঠা ১ কলাম ৫

55

# শিক্ষকদের ১৫ দফা ও নকল প্রতিরোধে ৭ দফা বাস্তবায়নের দাবী

**ইত্তেফাক রিপোর্ট ॥** গতকাল (বৃহস্পতিবার) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত শিক্ষক সমিতি ফেডারেশনের এক সাংবাদিক সম্মেলনে অবিলম্বে তাহাদের ১৫-দফা এবং নকল প্রতিরোধে

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের

(প্রথম পৃষ্ঠার পর)

৭-দফা বাস্তবায়নের দাবী করা হইয়াছে। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। লিখিত বক্তব্যে বলা হয়, শিক্ষাকে জাতীয়করণের লক্ষ্যে বেসরকারী স্কুল-কলেজের শিক্ষক, কর্মচারী যাহারাই বর্তমানে সরকারী কোষাগার হইতে মূল বেতন ৮০ ভাগ পাইতেছেন, তাহাদের প্রত্যেককেই ২০ ভাগ বেতন বৃদ্ধি করিয়া মূল বেতন ১০০ ভাগে উন্নীত করিতে হইবে। বেসরকারী কলেজ শিক্ষকদের সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদে পদোন্নতি দান এবং অভিজ্ঞ অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকদেরকে সরকারী শিক্ষকদের অনুরূপ উচ্চতর বেতনক্রমে অন্তর্ভুক্ত করিতে হইবে; বিগত সরকারের আমলে প্রবর্তিত জনবল কাঠামো প্রত্যাহার করিতে হইবে ইত্যাদি।

ইহাছাড়া বলা হয়, শিক্ষাঙ্গনে ও পরীক্ষা কেন্দ্রে দলীয় রাজনৈতিক অনুপ্রবেশ বন্ধসহ পরীক্ষা পদ্ধতির সম্ভাব্য ও প্রয়োজনীয় সংস্কার সাধনের জন্য সরকারের অবিলম্বে আগাইয়া আসা উচিত। দলীয় অথবা আঞ্চলিক চাপ ও প্রভাবে যত্রতত্র পরীক্ষা কেন্দ্র স্থাপন বন্ধ করিতে হইবে। পাবলিক পরীক্ষার নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের কোন অবস্থাতেই পাবলিক পরীক্ষায় অংশ নিতে দেওয়া যাইবে না।

কাজী ফারুক আহমেদ পাবলিক পরীক্ষায় ব্যাপক নকল প্রবণতা রোধে খোলা বই পরীক্ষা পদ্ধতি চালুর সুপারিশ করেন।

সাংবাদিক সম্মেলনে ফেডারেশনের ১৫ ও ৭-দফা বাস্তবায়নের দাবীতে আগামী ৬ই অক্টোবর ঢাকায় শিক্ষক মহাসমাবেশ ও অবিরাম ধর্মঘটসহ আন্দোলনের কর্মসূচীসহ দুই মাসব্যাপী কর্মসূচী ঘোষণা করা হয়। ইহার মধ্যে রহিয়াছে ঃ ২৫শে আগষ্ট স্ব-স্ব এলাকায় সংসদ সদস্যদের নিকট স্মারকলিপি পেশ, ১লা সেপ্টেম্বর হইতে সপ্তাহকাল থানা ও জেলা পর্যায়ে সংগ্রাম কমিটি গঠন, ৮ই সেপ্টেম্বর থানায় ও ৯ই সেপ্টেম্বর জেলার যৌথসভা, ১১ই সেপ্টেম্বর কালোব্যাজ ধারণ, ১২ই সেপ্টেম্বর সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২ ঘন্টা কর্মবিরতি, ১৫ই সেপ্টেম্বর থানা সদরে এবং ১৮ই সেপ্টেম্বর জেলা প্রশাসক কার্যালয় সম্মুখে অবস্থান ধর্মঘট ইত্যাদি।

সম্মেলনে উপস্থিত ছিলেন ফেডারেশনের সভাপতি শেখ আমানুল্লাহ্, কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ জহিরুল ইসলাম, আলী আকবর খান ডলার, সেলিম ভুঁইয়া, মোঃ তোয়াহা, শাহজাহান মিয়া, মোঃ শহীদুল্লাহ্ প্রমুখ।